



আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড
অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট

তারিখ : ২৭ শ্রাবণ ১৪২৯
১১ আগস্ট ২০২২

প্রশাসনিক পরিপত্র নং- ২১/২০২২

আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর ০৭-১০-২০১৯ তারিখের ২৪/২০১৯ সংখ্যক প্রশাসনিক পরিপত্রের মাধ্যমে গঠিত “শৃঙ্খলা আপিল ও জ্যেষ্ঠতা নির্ধারণ কমিটি” নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে পুনর্গঠন করা হলোঃ

০১.	অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাডমিনিস্ট্রিটিভ উইং)	আহ্বায়ক
০২.	অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (অপারেশনাল উইং)	সদস্য
০৩.	উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ফাইন্যান্স ডিভিশন)	সদস্য
০৪.	ডিপার্টমেন্ট প্রধান (অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট)	সদস্য-সচিব

০২। কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

- ক) আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৪ এবং পরিচালনা পর্ষদ কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তের আলোকে শৃঙ্খলাজনিত বিষয়ে আনীত অভিযোগ, অভিযুক্তের জবাব ইত্যাদি পর্যালোচনাপূর্বক গঠিত তদন্ত কমিটি/তদন্ত কর্মকর্তার প্রতিবেদন বিচার বিশ্লেষণপূর্বক যথাযথ সুপারিশমালা কর্তৃপক্ষ বরাবর পেশ করবে;
- খ) আরোপিত দন্ডের বিরুদ্ধে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর আপিল আবেদন যাচাই-বাছাইপূর্বক কর্তৃপক্ষ সমীপে সুপারিশ পেশ করবে।

০৩। কমিটির আহ্বায়কের অনুপস্থিতিতে কমিটির জ্যেষ্ঠতম সদস্য আহ্বায়কের দায়িত্ব পালন করবেন।

০৪। সদস্য-সচিবের অনুপস্থিতিতে অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্টের জ্যেষ্ঠতম কর্মকর্তা কমিটির সাচিবিক দায়িত্ব পালন করবেন।

০৫। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

(দীপক কুমার দত্ত)

উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। সকল ডিপার্টমেন্ট প্রধান, আইসিএমএল প্রধান কার্যালয়, ঢাকা।
০২। প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। সকল অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। শাখা প্রধান, আইসিএমএল শাখাসমূহ।
০৬। অফিস কপি।

অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

ডিপার্টমেন্ট প্রধান, কম্পিউটার ডিপার্টমেন্ট, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।